

৩০৫০

একই নম্বর তারিখে প্রতিস্থাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-২ শাখা

নং-৪৬.০১৮.০২৮.০০.০০.০০১.২০১১-৪২৮

তারিখঃ ১২-০১-২০১৪খ্রিঃ


বিষয় : জন্ম নিবন্ধন ফিসের অর্থ ব্যয়ে পুরাতন জন্ম নিবন্ধন ডাটা অনলাইনে নিবন্ধন প্রসংগে।

জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালাসমূহে ফিস বাবদ আদায়কৃত অর্থ 'জন্ম ও মৃত্যু নিবন্ধন' শীর্ষক পৃথক ব্যাংক হিসাবে সংরক্ষণ করতঃ সরকারী আর্থিক বিধি-বিধান প্রতিপালনপূর্বক জন্ম ও মৃত্যু নিবন্ধন কাজে ব্যয়ের বিধান আছে।

দেশের জন্ম নিবন্ধন তথ্যসমূহ অনলাইনভুক্তির কাজ চলছে। প্রাথমিকভাবে ইউনিসেফ-বাংলাদেশ ২৭টি জেলায় ও প্র্যান-বাংলাদেশ ১টি জেলায় ডাটা এন্ট্রির জন্য অর্থায়ন করেছিল। ডাটা এন্ট্রির জন্য বর্তমানে কোন প্রতিষ্ঠান অর্থায়ন করছেন। জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্পের স্টিয়ারিং কমিটির বিগত ২৯-১২-২০১০ তারিখের সভায় জন্ম নিবন্ধন ফিস দিয়ে ডাটা এন্ট্রির বিষয়ে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়েছিল।

উক্ত সিদ্ধান্তের আলোকে সরকারী আর্থিক বিধি-বিধান প্রতিপালনপূর্বক জন্ম নিবন্ধকগণকে জন্ম নিবন্ধন ফিসের অর্থ ব্যয়ে পুরাতন জন্ম নিবন্ধন ডাটাসমূহ অনলাইনে এন্ট্রির জন্য আদিষ্ট হয়ে নিয়োক্ত নির্দেশনা প্রদান করা হলো এবং স্থানীয় সরকার বিভাগের ০৫-১১-২০১২ তারিখের ৪৩৫ নম্বর স্মারকাদেশ এতদ্বারা বাতিল করা হলোঃ

- ক. দেশের সিটি কর্পোরেশন, ক্যান্টনমেন্ট বোর্ড, পৌরসভা ও ইউনিয়ন পরিষদসমূহকে আগামী ৩০ জুন ২০১৪ এর মধ্যে হাতে লিখা সকল জন্ম তথ্য অনলাইন জন্ম নিবন্ধন তথ্য ব্যবস্থাপনা (onlineBRIS) এ অন্তর্ভুক্ত করতে হবে। নিবন্ধকগণ আউটসোর্স হতে কম্পিউটার দক্ষ ব্যক্তিদের সাময়িকভাবে স্বেচ্ছাসেবক হিসাবে নিয়োগ দিয়ে অনলাইনে জন্ম তথ্য অন্তর্ভুক্তির কাজ করাতে পারবেন। প্রত্যেক ব্যক্তির জন্ম তথ্য অনলাইন জন্ম নিবন্ধক তথ্য ব্যবস্থাপনাভুক্তির জন্য আউটসোর্সেড স্বেচ্ছাসেবকগণকে সর্বোচ্চ ২.০০ টাকা, ডাটা এন্ট্রির সঠিকতা যাচাইয়ের জন্য সুপারভাইজারের সম্মানী বাবদ ১৬০০.০০ (এক হাজার ছয়শত) টাকা প্রদান করতে পারবে। তবে কোন প্রতিষ্ঠানই সাকুল্য হাতে লিখা জন্ম নিবন্ধন ডাটা কম্পিউটারে এন্ট্রি না করলে উক্ত অর্থ ব্যয় করতে পারবে না। নিবন্ধক কার্যালয়ে আহরিত জন্ম নিবন্ধন ফিসের অর্থ অপর্യാপ্ত হলে এই সকল প্রতিষ্ঠান নিজস্ব অর্থ ব্যয়ে ডাটা এন্ট্রির কাজ সম্পাদন করবে।
- খ. ৩০ জুন ২০১৩ এর মধ্যে এন্ট্রিভুক্ত ডাটার বিল অপরিশোধিত থাকলে তা ডাটা প্রতি ১.০০ টাকা হারে উপরে বর্ণিত খাতসমূহ হতে পরিশোধ করতে হবে।
- গ. উক্তরূপভাবে ডাটা এন্ট্রির কাজ ৩০ জুন ২০১৪ এর মধ্যে শেষ করতে হবে। উক্ত তারিখের পরে ডাটা এন্ট্রির জন্য কোন অর্থ ব্যয় করা যাবে না।

  
(আবু তাহের মুহাম্মদ জাবের)  
উপ-সচিব  
ফোন- ৯৫১৪১৯০

বিতরণঃ

- ১। বিভাগীয় কমিশনার (সকল), বিভাগ-----।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা(সকল), সিটি কর্পোরেশন,.....।
- ৩। জেলা প্রশাসক (সকল), -----।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার(সকল), উপজেলা-----, জেলা-----।
- ৫। ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার (সকল), ক্যান্টনমেন্ট বোর্ড,.....।
- ৬। মেয়র, সকল পৌরসভা, .....।
- ৭। চেয়ারম্যান (সকল), .....ইউনিয়ন পরিষদ, উপজেলা-----, জেলা-----।

নং-৪৬.০১৮.০২৮.০০.০০.০০১.২০১১-৪২৮

তারিখঃ ১২-০১-২০১৪খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জাতীয় প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প, কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন, সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০।

  
(আবু তাহের মুহাম্মদ জাবের)  
উপ-সচিব